# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

## Date: 12.07.2024 Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

১) মুম্বাইতে আজ শরদ পাওয়ার ও উদ্ধব ঠাকরের সঙ্গে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

২) আড়িয়াদহ কান্ড নিয়ে রাজনৈতিক চাপানউতোর তুঙ্গে।

৩) ঢোলাহাট থানায় প্রচন্ড মারধোরে যুবকের মুত্যুর অভিযোগ নিয়ে মামলায় ময়না তদন্তের রিপোর্ট চেয়েছে হাইকোর্ট।

৪) স্বরাষ্ট্রমন্ত্রক সমস্ত কেন্দ্রীয় বাহিনীতে প্রাক্তন অগ্নিবীরদের জন্য ১০ শতাংশ সংরক্ষণের সিদ্ধান্ত নিয়েছে।

৫) নাগেরবাজার এলাকায় যশোর রোডের ওপর বিধ্বংসী অগ্নিকান্ডে আতঙ্ক ছড়িয়েছে। ঘটনাস্থলে দমকলের ২০-টি ইঞ্জিন।

৬) একটানা দুঃসহ ভ্যাপসা গরমের পর বর্ষার বৃষ্টি কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় জনজীবনে কিছুটা স্বস্তি এনেছে।

oooooooooooooooooooo

ব্যক্তিগত ও রাজনৈতিক কর্মসূচী নিয়ে দু-দিনের সফরে মুম্বাই গেছেন, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। শিল্পপতি মুকেশ আম্বানীর ছেলের বিয়ের অনুষ্ঠানে আজ যোগ দেবেন তিনি। শিবসেনা ইউবিটি নেতা উদ্ধব ঠাকরে এবং এন সি পি পাওয়ার গোষ্ঠীর প্রধান শরদ পাওয়ারের সঙ্গে দেখা করার কর্মসূচীও তাঁর রয়েছে বলে গতকাল মুম্বাই রওনা হওয়ার আগে কলকাতা বিমানবন্দরে সংবাদিকদের জানান মুখ্যমন্ত্রী।

(বাইট – মুখ্যমন্ত্রী)

আগামীকাল তাঁর ফেরার কথা।

oooooooooooooooooooooooo

আড়িয়াদহের ত্রাস জয়ন্ত সিং ও তার দলবলের কুকীর্তির একের পর এক ভিডিও প্রকাশ্যে আসায় রাজনৈতিক চাপান উতোর তুঙ্গে। গতকাল মুম্বাই রওনা হওয়ার আগে এই নিয়ে সংবাদমাধ্যমের বিরুদ্ধে তীব্র ক্ষোভ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী । জয়ন্ত সিং-এর দুষ্কর্মের ব্যাপারে ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং-কে দায়ী করেন তিনি।

( বাইট – মমতা - ভিডিও)

মুখ্যমন্ত্রীর এই বক্তব্যের তীব্র বিরোধিতা করে অর্জুন সিং বলেছেন, বাংলার ভুগোল সম্পর্কেই মুখ্যমন্ত্রীর কোন ধারনাই নেই।

(বাইট – অর্জুন অন মমতা)

এদিকে, মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় ও এডিজি, আইনশৃঙ্খলা মনোজ ভার্মা গতকাল বিকেলে নবান্নে যৌথ সাংবাদিক বৈঠক করেন।

আলাপনবাবু বলেন –

(বাইট – আলাপন)

০০০০০০০০০০০০০০০০০০০০

চোর সন্দেহে ঢোলাহাট থানায় তুলে নিয়ে গিয়ে প্রচন্ড মারধরের জেরে যুবকের মৃত্যুর অভিযোগ নিয়ে মামলায়, দেহের ময়নাতদন্তের রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। বিচারপতি অমৃতা সিনহা, ময়নাতদন্তের ভিডিওগ্রাফির ফুটেজ সংরক্ষণ করারও নির্দেশ দিয়েছেন। এছাড়া কাকদ্বীপ মহকুমা হাসপাতাল ও কলকাতার যে নার্সিংহোমে ওই যুবকের মৃত্যু হয় সেখানকার সিসিটিভি ফুটেজ সংরক্ষণ করতে হবে পুলিশকে।

গত সোমবার রাতে কলকাতার তিলজলা রোডের একটি নার্সিংহোমে মৃত্যু হয় সুন্দরবন পুলিশ জেলার ঢোলাহাটের ঘাটবকুলতলা এলাকার বাসিন্দা, ২২ বছরের আবু সিদ্দিক হালদারের। পরিবারের অভিযোগ, এক আত্মীয়ের বাড়িতে সোনার গয়না চুরির ঘটনায় সেই ব্যক্তি আবু সিদ্দিকের নাম না করা সত্ত্বেও পয়লা জুলাই তাঁকে বাড়ি থেকে তুলে নিয়ে যায় পুলিশ। কিন্ত কাকদ্বীপ আদালতে হাজির করে চৌঠা জুলাই। আদালতে জামিন পাওয়ার পর বাড়ি ফিরেই গুরুতর অসুস্থ হয়ে পড়েন আবু সিদ্দিক। থানার লকআপে অমানুষিক মারধর, অত্যাচার করার ফলেই তাঁর মৃত্যু হয়েছে বলে দাবি পরিবারের। এই ঘটনাকে কেন্দ্র করে উত্তাল হয়ে ওঠে ঢোলাহাট এলাকা। দু'দিন ধরে থানা ঘেরাও করে বিক্ষোভ দেখানো হয়। ঘটনার যথাযথ তদন্ত চেয়ে হাই কোর্টের দ্বারস্থ হয় পরিবার। তাদের আইনজীবীর বক্তব্য, দেহে বিদ্যুতের শক এবং আঘাতের চিহ্ন রয়েছে। ময়নাতদন্ত নিয়েও সন্দেহ প্রকাশ করেছে পরিবার। মৃতের বাবার দাবি, পুলিশ ১ লাখ ৭৫ হাজার টাকা নিয়েছে।

যদিও পুলিশের বিরুদ্ধে মারধরের অভিযোগ খারিজ করে রাজ্যের তরফে দাবি করা হয়, ওই যুবকের জন্ডিস ছিল। তার ফলে অসুস্থ হয়ে তাঁর মৃত্যু হয়। রাজ্যের আইনজীবী সওয়াল করেন, ম্যাজিস্ট্রেটের নির্দেশে যুবকের দেহের ময়নাতদন্ত করা হয়েছে। তাঁর বিরুদ্ধে চুরির অভিযোগের ভিত্তিতে তদন্ত করা হচ্ছিল। এর পরেই ময়নাতদন্তের রিপোর্ট তলব করেন বিচারপতি। আজ ফের এই মামলার শুনানি রয়েছে।

oooooooooooooooooooooo

২০১৪ র টেটের ওএমআর শিট দুর্নীতির তদন্তে সিবিআই পর পর তিনদিন কলকাতার সার্দান এ্যাভেনিউয়ে এসএন বসু রায় কোম্পানিতে তল্লাশি চালালো। দুজন কম্পিউটার ও সাইবার বিশেষজ্ঞকে নিয়ে তিন দিনে ২৫ ঘন্টা ধরে উধাও ওএমআর শিটের খোঁজ চালিয়েছেন তদন্তকারীরা। দুটি সার্ভার  বাজেয়াপ্ত করা হয়েছে।

oooooooooooooooooooo

সমস্ত কেন্দ্রীয় বাহিনীতে প্রাক্তন অগ্নিবীরদের জন্য ১০ শতাংশ সংরক্ষণের সিদ্ধান্ত নিয়েছে স্বরাষ্ট্রমন্ত্রক। বি এস এফ, সি আর পি এফ, সি আই এস এফ ও এস এস বি-র প্রধানরা গতকাল ১০ শতাংশ প্রাক্তন অগ্নিবীর নিয়োগের কথা ঘোষণা করেন। বয়সের ক্ষেত্রে তারা ছাড় পাবেন এবং শারীরিক দক্ষতার কোন পরীক্ষা দিতে হবে না।

ooooooooooooooooooooooo

হকারদের সমর্থনে এবং কেন্দ্রীয় হকার আইন অনুযায়ী উপযুক্ত পুনর্বাসন ও ন্যূনতম এক মাসের আগাম বিজ্ঞপ্তি ছাড়া হকার উচ্ছেদ বন্ধ করা সহ একাধিক দাবিতে বিভিন্ন শ্রমিক সংগঠন গতকাল কলকাতায় মিছিল এবং সমাবেশ করে। সিআইটি রোড পদ্মপুকুর এলাকা থেকে

ধর্মতলায় কলকাতা পুরসভার দফতর পর্যন্ত মিছিল ও সমাবেশের পর হকার যৌথ মঞ্চের অন্তর্গত CITU, AITUC,TUCC , UTUC, AICCTU ও INTUC র প্রতিনিধিদের স্বাক্ষরিত স্মারকলিপি রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা মেয়র ফিরহাদ হাকিম এর কাছে পেশ করা হয়। হকার যৌথ মঞ্চের তরফ থেকে অসিতাঙ্গ গঙ্গোপাধ্যায় বলেন, শহরে কলকাতা পুরসভার তালিকাভুক্ত ও ভেন্ডিং সার্টিফিকেট প্রাপ্ত হকারদের অনেকে উচ্ছেদ হয়েছেন। উচ্ছেদ হওয়া হকারদের অবিলম্বে তাদের পুরনো জায়গায় বসতে দিতে হবে। অবিলম্বে হকার উচ্ছেদ বন্ধেরও দাবি জানিয়েছেন তিনি।

ooooooooooooooooooooooo

রেল লাইনে কাজ চলাকালীন পূর্ব রেলের কাটোয়া - ব্যান্ডেল শাখার কালীনগর ও সমুদ্রগড় স্টেশনের মাঝে ডাউন ইন্টারসিটি এক্সপ্রেসের ধাক্কায় এক ঠিকা শ্রমিকের মৃত্যুতে রেল কর্তৃপক্ষের গাফিলতি এবং শ্রমিকদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে। গতকাল বেলা সাড়ে দশটা নাগাদ এই ঘটনার পর মৃতদেহ পাশে রেখেই অন্য শ্রমিকরা কাজ করে যান। প্রায় চারঘন্টা পর দেহ উদ্ধার করে জিআরপি। অভিজিৎ টুডু নামে বছর ২৫- এর নিহত শ্রমিকের বাড়ি কালনার নন্দাই পঞ্চায়েত এলাকায়। প্রত্যক্ষ দর্শীরা জানিয়েছেন, দুটি লাইনে একসঙ্গে দুটি ট্রেন এসে গেলে সরতে পারেন নি অভিজিত। অল্পের জন্য প্রাণে বাঁচেন কয়েকজন। তাঁদের অভিযোগ, কাজ চলাকালীন কোনো গ্যাংম্যান বা গার্ড ছিল না। অন্যদিকে রেলের তরফে জানানো হয়েছে, সমুদ্রগড় ও নবদ্বীপধাম স্টেশনের মাঝে যথাযথ সুরক্ষায় জনা বারো শ্রমিক ঠিকাদারের অধীনে কাজ করছিলেন। ডাউন লাইন দিয়ে ট্রেন যাওয়ার সময় অভিজিত টুডু অন্যমনস্ক হয়ে একটু দূরে চলে গেলে হাওড়া মালদা ইন্টারসিটি এক্সপ্রেসের সামনে পড়ে যান। রেলের সুপারভাইজার বরুণ সরকার তাঁকে সতর্ক করার চেষ্টা

করলেও ট্রেনে ধাক্কা খান অভিজিত। হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মৃত্যু হয় তাঁর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাসন্তী হাইওয়ের ওপর হাড়োয়ার ঘোষপুরের কাছে আজ দুপুরে দুটি বাসের রেষারেষিতে এক কিশোরের মৃত্যু হয়েছে। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ধামাখালি-বারাসাত ও শ্যামবাজার – মালঞ্চ রুটের বাস দুটি ওই রাস্তায় একে অপরকে টেক্কা দেওয়ার চেষ্টায় বেপরোয়া গতিতে ছুটছিল । সেই সময় সোলেমান মিস্ত্রি নামে বছর ১৫-র ছেলেটি একটি বাসের তলায় পড়ে যায়।

এই দুর্ঘটনার পর এলাকায় উত্তেজনা ছড়ায়। স্থানীয় বাসিন্দারা বাস চালককে মারধোরের পাশাপাশি রাস্তার ওপর কাঠের গুড়ি ফেলে টায়ারে জ্বালিয়ে বিক্ষোভ দেখান। তাদের অভিযোগ বাসের রেষারেষিতে প্রায়ই এধরনের দুর্ঘটনা ঘটছে। ঘোষপুরে অবিলম্বে স্পীডব্রেকারেরও দাবি জানান। তাঁরা পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার উত্তর শহরতলির নাগেরবাজার এলাকায় যশোর রোডের ওপর বিধ্বংসী অগ্নিকান্ডে আতঙ্ক ছড়িয়েছে। আজ ভোর রাতে পাশাপাশি থাকা হোশিয়ারী ও আইসক্রিম কারখানা, মুদিখানার সামগ্রী এবং ওষুধের গোডাউন দাউ দাউ করে জ্বলতে দেখা যায়। দমকলের ২০-টি গাড়ি আগুন নেভানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে। কালো ধোঁয়ায় ঢেকেছে চারপাশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

একটানা দুঃসহ ভ্যাপসা গরমের পর বর্ষার বৃষ্টি কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় জনজীবনে কিছুটা স্বস্তি এনেছে।

আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রী কম। সকাল সাড়ে ৬-টা পর্যন্ত ২৪ ঘণ্টায় শহরে বৃষ্টি হয়েছে ৪০ মিলিমিটার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের ডোমকলে গতকাল প্রবল বজ্রপাতে ভগীরথপুর উচ্চ বিদ্যালয়ের ২০ জনের বেশি পড়ুয়া আহত হয়। এই ঘটনায় এলাকায় তীব্র আতঙ্ক ছড়ায়। জানা গেছে, দুপুর থেকে জেলায় তুমুল বৃষ্টি শুরু হয় মুহুর্মুহ বাজ পড়তে থাকে। স্কুলের ভেতরে একটি গাছের ওপর বাজ পড়লে ২৯ জন ছাত্র-ছাত্রী আহত হয়। তড়িঘড়ি তাদের উদ্ধার করে ডোমকল সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হলে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার ধানতলায় ভারত – বাংলাদেশ সীমান্ত এলাকায় বিএসএফ-এর এক মহিলা কনস্টেবল আত্মঘাতী হয়েছেন। অনামিকা কুমারী নামে ওই কনস্টেবল ৬৮ নম্বর ব্যাটেলিয়ানে কর্মরত ছিলেন। ইছামতী নদীর ধারে ডিউটি করার সময় সার্ভিস রাইফেল থেকে গুলি চালিয়ে তিনি আত্মহত্যা করেন বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০